রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২, ১৯৮৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়

পরিকল্পনা বিভাগ

পি, টি, এস, শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ১৭ই ফাল্গুন, ১৩৯৫/১লা মার্চ, ১৯৮৯

নং এস, আর, ও ৬১-আইন/৮৯--গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ

১। সংক্ষিপ্ত শিরনামা।--এই বিধিমালা পরিকল্পনা কমিশন কর্মসংস্থান পরিবীক্ষণ ইউনিট গেজেটেড ও নন-গেজেটেড কর্মচারী প্রকল্প নিয়োগ বিধি, ১৯৮৯ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা--বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়--

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "ডিগ্রী" অর্থ কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে প্রাপ্ত ডিগ্রী;



মূল্যঃ ৬০ পয়সা

(গ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার এবং কোন পদ বা পদশ্রেণীর সহিত সম্পর্কিত ব্যাপারে সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন;

(ঙ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(চ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ তফসিলে বর্ণিত কোন পদের যোগ্যতা;

(ছ) "স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় এবং সরকার কর্তৃক, কমিশনের সহিত পরামর্শক্রমে, এতদুদ্দেশ্যে স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা প্রতিষ্ঠান;

(জ) "স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীনে প্রতিষ্ঠিত কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড এবং সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে স্বীকৃত অন্য কোন শিক্ষা বোর্ড বা সংস্থা।

৩। নিয়োগ পদ্ধতি, ইত্যাদি।—(১) তফসিলে বর্ণিত বিধানাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নে বিবৃত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে, যথাঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) সংশ্লিষ্ট পদের জন্য প্রয়োজনীয় যোগ্যতা না থাকিলে কোন ব্যক্তিকে উক্ত পদে নিয়োগ করা যাইবে না।

(৩) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, কোন ব্যক্তির বয়স তফসিলে বর্ণিত সংশ্লিষ্ট পদের জন্য নির্ধারিত বয়স সীমার মধ্যে না হইলে তাহাকে উক্ত পদে নিয়োগ করা যাইবে না।

৪। সরাসরি নিয়োগ।—(১) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন ব্যক্তিকে কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) কোন ব্যক্তি কোন পদে সরাসরি নিয়োগের জন্য বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; অথবা

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৩) কোন ব্যক্তিকে কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি না—

(ক) গেজেটেড পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য সম্পর্কে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা নন-গেজেটেড পদের ক্ষেত্রে তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যায়ন করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে, এবং

(খ) সরকার কর্তৃক নির্ধারিত এজেন্সির মাধ্যমে তদন্তের ফলে দেখা যায় যে, তাহার প্রাক-পরিচয় সন্তোষজনক ছিল এবং প্রজাতন্ত্রের চাকুরীতে তাহার নিযুক্তির ব্যাপারে আপত্তির কোন কারণ নাই।

(৪) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফি, যদি থাকে, যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন, অথবা

(খ) সরকারী কিংবা কোন স্বায়ত্তশাসিত সংস্থার বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালীন উর্ধতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

তফসিল

| ক্রমিক নং। | পদের নাম | সরাসরি নিয়োগের জন্য বয়স। | নিয়োগের পদ্ধতি | সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রয়োজনীয় যোগ্যতা। |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | প্রকল্প পরিচালক | | প্রেষণে বদলীর মাধ্যমে | |
| ২ | উপ-প্রধান | অনূর্ধ ৩৭ বৎসর | প্রেষণে বদলীর মাধ্যমে অথবা সরাসরি নিয়োগের মাধ্যমে। | অর্থনীতি/ম্যাথমেটিক্যাল অর্থনীতি/ডেভেলপমেন্ট অর্থনীতি/কমার্স/স্ট্যাটিসটিকস এ প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ১০ বৎসরের অভিজ্ঞতা, অথবা উপরি উল্লিখিত যে কোন বিষয়ে পি,এইচ,ডি, ডিগ্রী এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ৬ বৎসরের অভিজ্ঞতা। |
| ৩ | সহকারী প্রধান | অনূর্ধ ৩৫ বৎসর | ঐ | অর্থনীতি/ম্যাথমেটিক্যাল অর্থনীতি/ডেভেলপমেন্ট অর্থনীতি/কমার্স/স্ট্যাটিসটিকস এ প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ৭ বৎসরের অভিজ্ঞতা। |
| ৪ | গবেষণা অফিসার | অনূর্ধ ২৭ বৎসর | সরাসরি নিয়োগেরমাধ্যমে | অর্থনীতি/ম্যাথমেটিক্যাল অর্থনীতি/ডেভেলপমেন্ট অর্থনীতি/কমার্স/স্ট্যাটিসটিকস এ প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৫ | প্রশাসনিক অফিসার | অনূর্ধ ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা প্রেষণে বদলীর মাধ্যমে। | স্নাতকোত্তর ডিগ্রী; অথবা প্রশাসন/হিসাব ক্ষেত্রে ৫ বৎসরের অভিজ্ঞতাসহ স্নাতক ডিগ্রী। |
| ৬ | অফিস-কাম-একাউন্টস সহকারী | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্নাতক (কমার্স) ডিগ্রীসহ একাউন্টিং এ দুই বৎসরের অভিজ্ঞতা। |
| ৭ | ষ্টেনোগ্রাফার(সাঁট-লিপিকার) | অনূর্ধ ২৭ বৎসর | ঐ | কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাশ এবং শর্টহ্যাণ্ড ও টাইপের গতি প্রতি মিনিটে যথাক্রমে ইংরেজীতে ৮০ ও ৩০টি শব্দ এবং বাংলাতে ৫০ ও ২৫টি শব্দ। |
| ৮ | ষ্টেনোটাইপিষ্ট(সাঁট-মুদ্রাক্ষরিক) | অনূর্ধ ২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাশ এবং শর্টহ্যাণ্ড ও টাইপের গতি প্রতি মিনিটে যথাক্রমে ইংরেজীতে ৭০ ও ২৮টি এবং বাংলাতে ৪৫ ও ২৩টি শব্দ। |
| ৯ | ড্রাইভার (গাড়ীচালক) | ঐ | ঐ | বৈধ মটর ড্রাইভিং লাইসেন্সসহ অষ্টম শ্রেণী পাশ। মটর কারিগরী জ্ঞান সম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১০ | মেশিন অপারেটর | ঐ | ঐ | অষ্টম শ্রেণী পাশ এবং ডুপ্লিকেটিং মেশিন ও ফটোষ্ট্যাট মেশিন চালানোর অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১১ | ক্যাশ-সরকার | অনূর্ধ ২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাশ। |
| ১২ | মেসেঞ্জার/এম,এল,এস,এস, (বার্তাবাহক)। | ঐ | ঐ | অষ্টম শ্রেণী পাশ,পূর্ব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ. এফ, এম. আবদুর রশীদ

উপ-সচিব (পি.টি.সি,)।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার শাহ্‌কামাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।